

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৭৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৮]

- ৩. কিতাবুল ইলম (كتاب العلم)
- পরিচ্ছেদঃ জরুরী কোন মাসআলার জন্য সফর করা এবং নিজ পরিবারকে শিক্ষা দেয়া

بَابُ تَحْرِيضِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفْدَ عَبْدِ الْقَيْسِ عَلَى أَنْ يَحْفَظُوا الإِيمَانَ وَالْعِلْمَ وَيُخْبِرُوا مَنْ وَرَاءَهُمْ

আরবী

الدعن عُقْبَةَ بْنِ الْحَارِثِ: أَنَّهُ تَزَوَّجَ ابْنَةً لأَبِي إِهَابِ بْنِ عَزِينٍ، فَأَتَنْهُ امْرَأَةٌ فَقَالَتْ: إِنِّي قَدْ أَرْضَعْتِنِي وَلا أَخْبَرْتِنِي قَدْ أَرْضَعْتِنِي وَلا أَخْبَرْتِنِي فَدْ أَرْضَعْتِنِي وَلا أَخْبَرْتِنِي فَدْ أَرْضَعْتِنِي وَلا أَخْبَرْتِنِي فَرَكِبَ إِلَى رَسُولُ اللَّهِ كَيْفَ وَقَدْ قِيلَ فَفَارَقَهَا عُقْبَةُ وَنَكَحَتْ زَوْجًا غَيْرَهُ. (بخارى: [[]

বাংলা

৭৭) উকবা বিন হারেছ (রাঃ) হতে বর্ণিত, তিনি ইহাব বিন আযীযের কন্যাকে বিয়ে করলেন। উকবা বিন হারেছের নিকট জনৈক মহিলা এসে বললঃ আমি উকবা এবং তাঁর স্ত্রীকে দুধ পান করিয়েছি। তখন উকবা বললেনঃ আমার মনে হয়না যে, তুমি আমাকে দুধ পান করিয়েছ এবং (বিয়ে করার পূর্বে) তুমি আমাকে এ মর্মে সংবাদও দাওনি। যাই হোক কথাটি শুনেই উকবা বাহনে আরোহন করলেন এবং (সমাধানের) জন্য মদীনায় রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম-এর কাছে যাত্রা শুরু করলেন। মদীনায় গিয়ে তিনি রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট বিষয়টি উপস্থাপন করলেন। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ কিভাবে তুমি তার সাথে মেলা-মেশা করবে, অথচ বলা হয়ে গেছে যে, সে তোমার দুধ সম্পর্কীয় বোন। অতঃপর উকবা তাকে বিচ্ছিন্ন করে দিলেন। মহিলাটি অন্য একজন লোকের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হল।

English

The Prophet (saws) urged the people (mission) of 'Abdul Qais to memorize the faith and the (religious) knowledge (as he explained to them) and to inform (convey) to their people whom they left behind (at home)

Narrated `Abdullah bin Abi Mulaika:

`Uqba bin Al-Harith said that he had married the daughter of Abi Ihab bin



`Aziz. Later on a woman came to him and said, "I have suckled (nursed)
`Uqba and the woman whom he married (his wife) at my breast." `Uqba said to her, "Neither I knew that you have suckled (nursed) me nor did you tell me." Then he rode over to see Allah's Messenger (*) at Medina, and asked him about it. Allah's Messenger (*) said, "How can you keep her as a wife when it has been said (that she is your foster-sister)?" Then `Uqba divorced her, and she married another man.

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৮৮ ইসলামিক সেন্টারঃ ৮৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ উকবা ইবনুল হারিস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন